

The New Nation  
19.11.14

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হিসাব মহানিয়ন্ত্রক এর কার্যালয়  
সিজিএ ভবন  
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

সি.সি.সি.  
২০.১১.১৪

নং-০৭.০৩.০০০০.০১৩০.০৮.০৮৭.১৪.১৬৫(১)

তারিখঃ ২৬-১০-২০১৪খ্রিঃ।

অবহিতকরণ পত্র

সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের a2i প্রকল্পের সহায়তায় হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতায় অধিনস্ত হিসাবরক্ষণ অফিসসমূহ কর্তৃক যে সকল সেবা প্রদান করা হয় তার বিস্তারিত তথ্য ও করণীয় সম্পর্কিত 'সেবাকুঞ্জ' নামের সার্ভিস পোর্টাল নিম্নের ওয়েব সাইটে সর্বসাধারণের সুবিধার্থে প্রকাশ করা হয়েছে।

সার্ভিস পোর্টালের ঠিকানা : [www.services.portal.gov.bd](http://www.services.portal.gov.bd)

উক্ত ওয়েব পেইজের উপরে ডান দিকে 'দপ্তরসমূহ' অর্থ বিভাগ' আইকনে অধিনস্ত অফিসসমূহের আওতায় অফিস অব দি কন্ট্রোলার জেনারেল অব একাউন্টস এর \*প্রোফাইল \*পরিচিতি \*অর্গানোগ্রাম \*কর্মপরিধি \*অধিনস্ত অফিসসমূহের অর্গানোগ্রাম \*নাগরিক সেবার তালিকা এবং \*নাগরিক সেবার তথ্য সারণী বিস্তারিত লিপিবদ্ধ আছে। এছাড়া 'জেলা-উপজেলা অফিস' আইকনের আওতায় অত্র দপ্তর কর্তৃক প্রদত্ত নিম্নোক্ত সেবাসমূহ সম্পর্কে বিস্তারিত বর্ণনা রয়েছে :

- জিপিএফ চূড়ান্ত পরিশোধের নিমিত্ত অর্থরিপটপত্র জারি;
- জিপিএফ হিসাব খোলা, জিপিএফ ব্রডশীট ও লেজার সংরক্ষণ;
- এলপিসি ইস্যু/প্রতিস্বাক্ষরকরণ;
- সরকারি কোষাগারে জমাকৃত অর্থের চালান ভেরিফিকেশন;
- সিএও অফিসের অর্থরিপটের ভিত্তিতে অনুদান ও প্রকল্পের ছাড়কৃত অর্থের বিল পাশ;
- সরকারি কর্মচারীদের বিভিন্ন ঋণ ও অগ্রিম পরিশোধ;
- পেনশন ও আনুতোষিক পরিশোধ;
- জিপিএফ সুদ গণনা, সমাপ্তি জের নির্ধারণ ও একাউন্টস স্লিপ জারি করা;
- বেতন-ভাতাদির বিল পাশ;
- সরবরাহ ও সেবা, মেরামত ও সংরক্ষণ এবং অন্যান্য খাতের বিল পাশ;
- ছুটির হিসাব সংরক্ষণ ও প্রত্যয়নপত্র প্রদান।

হিসাব মহানিয়ন্ত্রক কার্যালয়ের আওতাধীন অফিসসমূহের সেবা প্রত্যাশীগণ উক্ত ওয়েব সাইট থেকে সংশ্লিষ্ট বিষয়ে যে কোন তথ্য সম্পর্কে প্রয়োজনে অবহিত হতে পারেন। এ সম্পর্কিত যে কোন সেবা প্রাপ্তিতে অসুবিধা হলে সিজিএ Help Desk এ যোগাযোগ করতে অনুরোধ করা হলো।

সিজিএ Help Desk এর ঠিকানা - রুম নং-২১৭, ২য় তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

ফোন : ৯৩৫৬৪৯৭

পিএবিএক্স : ৯৩৩০১০১-৫/৩০০

ই-মেইল : [cgahelpdeskbd@gmail.com](mailto:cgahelpdeskbd@gmail.com)

Ruhul  
26.10.14

(মোঃ রুহুল কুদ্দুস)

উপ-হিসাব মহানিয়ন্ত্রক (আইসিইউ)

ফোন : ৯৩৫৬৫০৮

ফ্যাক্স : ৯৩৩০১০৭

ই-মেইল : [ruhulq@finance.gov.bd](mailto:ruhulq@finance.gov.bd)

G-3014 (7X4)